# তফসিল ঘোষণার আগে ১০ ডিসেম্বর রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করবে ইসি



সংগৃহীত ছবি

জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের তফসিল ঘোষণাকে সামনে রেখে আগামী ১০ ডিসেম্বর বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে গুরুত্বপূর্ণ সাক্ষাতে বসবে প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিনের নেতৃত্বাধীন নির্বাচন কমিশন (ইসি)। এই বৈঠককে আসন্ন নির্বাচনী প্রক্রিয়ার আনুষ্ঠানিক সূচনা হিসেবে দেখা হচ্ছে।

প্রথা অনুযায়ী রাষ্ট্রপতির সঙ্গে বৈঠক শেষে যে কোনো সময় তফসিল ঘোষণা করা হতে পারে। এর আগে ৭ ডিসেম্বর তফসিলের খসড়া, সময়সূচি, মনোনয়ন দাখিল ও যাচাই-বাছাই প্রক্রিয়া নিয়ে কমিশনের অভ্যন্তরীণ সভা অনুষ্ঠিত হবে। সেখানেই চূড়ান্ত প্রস্তাব প্রস্তুত করা হবে।

ইসি সূত্র জানিয়েছে, রাষ্ট্রপতির সঙ্গে বৈঠকের এক-দু'দিনের মধ্যে তফসিল ঘোষণার সম্ভাবনা প্রবল। ফেব্রুয়ারিতে অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটকে সামনে রেখে ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহে তফসিল প্রকাশের প্রাথমিক সিদ্ধান্ত কমিশন আগেই জানিয়েছিল।

সংশ্লিষ্টরা মনে করছেন, রাজনৈতিক পরিস্থিতি ও প্রশাসনিক প্রস্তুতি বিবেচনায় এ সাক্ষাৎ ও পরবর্তী তফসিল ঘোষণা নির্বাচন আয়োজনের গতি আরও ত্বরান্বিত করবে।

LENS ASIA